



বহুভাষিক শিক্ষার্থীদের জন্য ১৬ বছর বয়সের পরের শিক্ষার পথ ও সুযোগসমূহ



১৬ বছরের পরবর্তী শিক্ষার পথ (Post-16 Pathways) বিবেচনার জ গুরুত্বপূর্ণ পরামর্শ

১৬ বছর পর একজন শিক্ষার্থীর জন্য অনুসরণ করার কোনো নির্দিষ্ট বা বাধ্যতামূলক পথ
তাই এই পর্যায়ে শিক্ষার সুযোগ ও বিকল্পগুলো
অনেক বিস্তৃত। সে কারণে তরুণ-তরুণীদের জন্য তাদের সম্ভাব্য বিকল্পগুলো সম্পর্কে একজন
ক্যারিয়ার পরামর্শদাতার কাছ থেকে পরামর্শ নেওয়া
উপকারী হতে পারে।

১৬ বছরের পরের শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানগুলোর নিজস্ব নির্দিষ্ট
ভর্তি-যোগ্যতার শর্ত থাকে। তাই পৃথক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে যোগাযোগ
করে তাদের ভর্তি-সংক্রান্ত শর্তাবলি সম্পর্কে জেনে নেওয়া গুরুত্বপূর্ণ।

বহুভাষিক শিক্ষার্থীদের অনন্য পটভূমি এবং পূর্ববর্তী শিক্ষাগত অভিজ্ঞতার কারণে তাদের জ
বিশেষ বিবেচনা বা কিছু ছাড় প্রদান করা হতে পারে।



১৬ বছর বয়সের পর শিক্ষার্থীদের জন্য বিকল্পসমূহ

শিক্ষার্থীদের ১৯ বছর বয়স পর্যন্ত কোনো না কোনো ধরনের শিক্ষা বা প্রশিক্ষণে থাকতে হবে। এর মধ্যে থাকতে পারে:

- পূর্ণকালীন শিক্ষা (যেমন কলেজে পড়াশোনা)
- শিক্ষানবিশি (অ্যাপ্রেন্টিসশিপস)
- খণ্ডকালীন শিক্ষা বা প্রশিক্ষণ, পাশাপাশি সপ্তাহে ২০ ঘন্টা বা তার বেশি সময় চাকরি করা, স্বনিয়োজিত থাকা অথবা স্বেচ্ছাসেবী কাজ করা—তবে এর জন্য যুক্তরাজ্যে কাজ করার বৈধ অধিকার থাকতে হবে।

অর্থায়নের জন্য যোগ্যতা

ইংল্যান্ডে আইনগতভাবে বসবাসকারী বেশিরভাগ তরুণ ১৬-১৯ বছর বয়সী শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রমের সরকারি অর্থায়ন পাওয়ার জন্য যোগ্য হবেন।

সরকার '[16 to 19 education: funding guidance - GOV.UK \(www.gov.uk\)](https://www.gov.uk/guidance/16-to-19-education-funding-guidance)'. -এ সীমিত কিছু ব্যতিক্রমের কথা উল্লেখ করেছে।

প্রধান ব্যতিক্রম হলো এমন শিক্ষার্থীরা, যাদের যুক্তরাজ্যে বসবাসের মূল কারণ হলো ফি-প্রদানকারী স্কুলে পড়াশোনা করা।

কী কী যোগ্যতা অর্জনের সুযোগ রয়েছে?



এন্ট্রি লেভেল

ইএসওএল (ESOL –English for Speakers of Other Languages) বা অন্যান্য এন্ট্রি লেভেলের যোগ্যতা এমন শিক্ষার্থীদের জন্য সহায়ক হতে পারে, যাদের খুব বেশি জিসিএসই (GCSE) নেই। এগুলো তাদের কর্মক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবহারিক ভাষাগত দক্ষতা অর্জনে সহায়তা করে।

ইএসওএল ভবিষ্যতে অন্যান্য কোর্সে ভর্তি হওয়া বা বিকল্প শিক্ষার পথ বেছে নেওয়ার জন্য প্রয়োজনীয় ভাষাগত দক্ষতা গড়ে তুলতেও সাহায্য করতে পারে।

লেভেল ১

লেভেল ১-এর যোগ্যতা, যেমন ফাউন্ডেশন ডিপ্লোমা এবং ফাংশনাল স্কিলস লেভেল ১, জিসিএসই –এর গ্রেড ১-৩-এর সমতুল্য।

এই কোর্সগুলো শিক্ষার্থীদের ব্যবহারিক দক্ষতা গড়ে তুলতে সাহায্য করবে। এরপর শিক্ষার্থীরা লেভেল ২-এর কোনো কোর্সে অগ্রসর হতে পারে।

লেভেল ২

যেসব শিক্ষার্থী জিসিএসই-তে গ্রেড ১-৩ অর্জন করেছে, তারা লেভেল ২-এর কোনো যোগ্যতা অর্জন করতে পারে। এর মধ্যে রয়েছে, যেমন শিক্ষানবিশি, লেভেল ২ ফাংশনাল স্কিলস, ফার্দার জিসিএসই এবং হায়ার ডিপ্লোমা। নিয়োগকর্তারা প্রায়ই লেভেলে ২-এর যোগ্যতা চাইতে পারেন।



লেভেল ৩

এ-লেভেলস এবং টি-লেভেলস-এর মতো লেভেল ৩-এর যোগ্যতা সাধারণত সেই শিক্ষার্থীদের জন্য বেশি উপযুক্ত হতে পারে, যারা জিসিএসই-তে কমপক্ষে গ্রেড ৪ অর্জন করেছে।

এ-লেভেলস সাধারণত একাডেমিক বিষয়ের ওপর বেশি গুরুত্ব দেয়, যেমন: ভাষা, জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান, গণিত, সঙ্গীত, শিল্পকলা (আর্ট)।

লেভেল ৩ এ অ্যাডভান্সড শিক্ষানবিশি (অ্যাপ্রেন্টিসশিপস) -এর সুযোগও রয়েছে।

টি-লেভেল

টি-লেভেল হলো ইংল্যান্ডে ১৬-১৯ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য জিসিএসই-এর পর করার একটি দুই বছরের কারিগরি যোগ্যতা। এটি তিনটি এ লেভেল - এর সমতুল্য এবং নিয়োগকর্তাদের সহযোগিতায় তৈরি করা হয়েছে।

টি-লেভেলে শ্রেণিকক্ষে পড়াশোনার পাশাপাশি কর্মক্ষেত্রে ব্যবহারিক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকে। শিক্ষার্থীদের কমপক্ষে ৩১৫ ঘন্টা (প্রায় ৪৫ দিন) শিল্পক্ষেত্রে কাজের অভিজ্ঞতা অর্জন করতে হয়। এর উদ্দেশ্য হলো শিক্ষার্থীদের দক্ষতাভিত্তিক চাকরি অথবা উচ্চশিক্ষার জন্য প্রস্তুত করা।

টি-লেভেল হলো এ লেভেল এবং শিক্ষানবিশির একটি বিকল্প। এতে নির্দিষ্ট শিল্পক্ষেত্রের জন্য প্রয়োজনীয় পেশাগত ও ব্যবহারিক দক্ষতার



ওপর গুরুত্ব দেওয়া হয়, যেমন—ডিজিটাল প্রযুক্তি, ইঞ্জিনিয়ারিং এবং স্বাস্থ্যসেবা।

শিক্ষানবিশি (অ্যাপ্রেন্টিসশিপস)

শিক্ষানবিশি তরুণদের চাকরিতে ব্যবহারিক প্রশিক্ষণের পাশাপাশি আরও পড়াশোনা করার সুযোগ দেয়। শিক্ষানবিশ হিসেবে তরুণরা—

- অভিজ্ঞ কর্মীদের সঙ্গে কাজ করে
- নির্দিষ্ট চাকরির জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করে
- বেতন পায় এবং ছুটির বেতনও পায়
- তাদের কাজের সঙ্গে সম্পর্কিত পড়াশোনার জন্য সময় পায় (সাধারণত সপ্তাহে এক দিন)

বিভিন্ন স্তরের শিক্ষানবিশির সুযোগ রয়েছে। প্রতিটি স্তরের জন্য পূর্ববর্তী শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে আলাদা প্রবেশের শর্ত থাকতে পারে।

শিক্ষানবিশির জন্য আবেদন করতে হলে তরুণদের—

- গ্রীষ্মের ছুটি শেষ হওয়ার মধ্যে বয়স ১৬ বছর বা তার বেশি হতে হবে
- ইংল্যান্ডে বসবাস করতে হবে
- পূর্ণকালীন শিক্ষায় থাকা যাবে না

শিক্ষানবিশির সুযোগগুলো সরকারি ওয়েবসাইটে পাওয়া যাবে।



জিসিএসই ইংরেজি ভাষা এবং গণিত পুনরায় পরীক্ষার (রি-টেক) আবশ্যকতা

যেসব শিক্ষার্থী জিসিএসই ইংরেজি ভাষা এবং/অথবা গণিতে গ্রেড ৪ বা তার বেশি অর্জন করতে পারেনি, তাদের অবশ্যই জিসিএসই পরীক্ষাটি/পরীক্ষাগুলো পুনরায় দিতে হবে অথবা প্রয়োজন অনুসারে ইংরেজি এবং/অথবা গণিতে একটি বিকল্প যোগ্যতা (কোয়ালিফিকেশন) সম্পন্ন করতে হবে।

- পূর্ণকালীন (ফুল-টাইম) শিক্ষার্থীরা যদি জিসিএসই গণিত এবং/অথবা জিসিএসই ইংরেজিতে গ্রেড ৩ পেয়ে থাকে, তাহলে স্কুল বা কলেজে পূর্ণকালীন পড়াশোনা চালিয়ে যেতে হলে তাদের অবশ্যই এই জিসিএসই পরীক্ষাগুলো পুনরায় দিতে হবে।
- পূর্ণকালীন শিক্ষার্থীরা যদি জিসিএসই-তে গ্রেড ২ বা তার নিচে পেয়ে থাকে এবং খণ্ডকালীন (পার্ট-টাইম) শিক্ষার্থীরা যদি গণিত এবং/অথবা ইংরেজিতে জিসিএসই গ্রেড ৩ পেয়ে থাকে, তাহলে তারা জিসিএসই অথবা অনুমোদিত ‘স্টেপিং-স্টোন’ যোগ্যতার যেকোনো একটি অধ্যয়ন করতে পারে। অনুমোদিত স্টেপিং-স্টোন যোগ্যতাগুলোর মধ্যে ফাংশনাল স্কিলস অন্তর্ভুক্ত রয়েছে।

অতিরিক্ত সহায়তার জন্য

ন্যাশনাল ক্যারিয়ার্স সার্ভিস শিক্ষা, প্রশিক্ষণ এবং কর্মসংস্থান সম্পর্কিত উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য তথ্য, পরামর্শ এবং দিকনির্দেশনা প্রদান করে। তারা জীবনবৃত্তান্ত (CV) এবং কভার লেটার প্রস্তুত করা, আবেদনপত্র পূরণ



করা এবং সাক্ষাৎকারে ভালো করার উপায় সম্পর্কেও সহায়তা প্রদান করে।
বিভিন্ন উপায়ে ন্যাশনাল ক্যারিয়ার্স সার্ভিসের সঙ্গে যোগাযোগ করা যায়।

হ্যাম্পশায়ার ফিউচারস, যা হ্যাম্পশায়ার কাউন্টি কাউন্সিলের শিশু সেবা বিভাগের অংশ, তাদের জন্যও সহায়তা প্রদান করে যেসব ১৬-২৪ বছর বয়সী তরুণ-তরুণী শিক্ষা, কর্মসংস্থান বা প্রশিক্ষণের সঙ্গে যুক্ত নয়।

আমাদের ওয়েবসাইটে প্রকাশিত সম্পূর্ণ নির্দেশিকায় অন্যান্য উপকারী সেবা ও ওয়েবসাইটের অতিরিক্ত লিংক প্রদান করা হয়েছে।

এছাড়াও, সরকারি ওয়েবসাইটে উল্লেখ করা হয়েছে কোন কোন পরিস্থিতিতে আর্থিক সহায়তা পাওয়া যেতে পারে।

আরও তথ্যের জন্য



Moodle এ আমাদের ব্লগ এবং রিসোর্স পেতে পারেন
<http://emtas.hias.hants.gov.uk/>



LinkedIn এ Hampshire-EMTAS অনুসরণ করুন



আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট ভিজিট করুন
www.hants.gov.uk/EMTAS